



# ইসলামিক ফাউন্ডেশন

[প্রতিষ্ঠাতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান]  
আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

## মডেল মসজিদের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে ইসলামিক ফাউন্ডেশনে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

ঢাকা, বৃহস্পতিবার, ৫ এপ্রিল ২০১৮

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক প্রথম পর্যায়ে ৯টি স্থানে মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধন উপলক্ষে আজ সকাল ১০ টায় ইসলামিক ফাউন্ডেশনের আগারগাঁওস্থ প্রধান কার্যালয়ে মিলাদ ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আজ দুপুর ১২.০০ টায় প্রকল্পটির ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশের প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে মোট ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ প্রকল্পের আওতায় বর্তমানে প্রথম পর্যায়ে ৯ টি স্থানে মডেল মসজিদ নির্মাণ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়ন করবে ইসলামিক ফাউন্ডেশন।

মুনাজাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করা হয়। মডেল মসজিদের নির্মাণ কাজে মহান আল্লাহর রহমত ও সাহায্য কামনা করা হয়। দেশের শান্তি, সমৃদ্ধি ও উন্নতির জন্য মহান আল্লাহর দরবারে প্রার্থনা করা হয়। দোয়া ও মুনাজাতে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল, ৫৬০ টি মডেল মসজিদের প্রকল্প পরিচালক মু. আবদুল হামিদ জমাদ্দার, ইসলামিক ফাউন্ডেশনের সচিব কাজী নূরুল ইসলাম, ইসলামিক ফাউন্ডেশনের পরিচালকবৃন্দসহ কর্মকর্তা-কর্মচারী ও আলেম-ওলামাগণ উপস্থিত ছিলেন। মুনাজাত পরিচালনা করেন ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক ড. মাওলানা মুহাম্মদ আবদুস সালাম।

উল্লেখ্য, প্রথম পর্যায়ে গোপালগঞ্জের টুঙ্গিপাড়া, বালকাঠির রাজাপুর, খুলনা জেলা সদর, বগুড়ার শেরপুর, রংপুর জেলা সদর, ময়মনসিংহ জেলা সদর, সিলেটের দক্ষিণ সুরমা, নোয়াখালী জেলা সদর ও চট্টগ্রামের কক্সবাজার আবাসিক এলাকায় এই মডেল মসজিদগুলো নির্মাণ করা হবে।

(শায়লা শারমীন)

সহকারী জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫৩৫৩৬২৭৬